# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 April, 2025

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মুন্সীগঞ্জের শ্রীনগরে অজ্ঞাত ট্রাকের ধাক্কায় মো. আলিমুল নামে মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে।এতে আহত হয়েছে আরও একজন। শুক্রবার (২৫ এপ্রিল) দিবাগত রাত আড়াইটার দিকে এক্সপ্রেসওয়ের জেলা শ্রীনগর উপজেলার হাঁসাড়া সেতুর ঢালে ঢাকামুখী লেনে ওই দুর্ঘটনা ঘটে।নিহত আলিমুলের বাড়ি রংপুর এবং আহত আবদুর রহমানের বাড়ি থেকে ঢাকার মুগদা-মান্ডা এলাকার বাসিন্দা বলে জানা গেছে।

শ্রীনগর ফায়ার সার্ভিসের এন্ড সিভিল ডিফেন্স স্টেশনের ইনচার্জ দেওয়ান আজাদ জানান, মোটরসাইকেল করে ২ জন মাওয়া থেকে ঢাকার দিকে যাচ্ছিলো।পথিমধ্যে একটি দ্রুতগতির ট্রাক পেছন থেকে মোটরসাইকেলকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।এতে আরোহী দুইজন মহাসড়কে ছিটকে পড়ে গুরুতর আহত হয়। খবর পেয়ে শ্রীনগর ফায়ার সার্ভিসের এন্ড সিভিল ডিফেন্স স্টেশনের টিম ঘটনাস্থলে এসে আহতদের উদ্ধার করে শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়।সেখানে জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক একজনকে মৃত ঘোষনা করেন।অপর আহতকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

ঢাকা-মাওয়া মোটরসাইকেল ট্রাক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 20:46

URL: https://timestodaybd.com/across-the-country/3392491450